

**2016**  
**COMPULSORY BENGALI**  
**[BNGM]**  
**[For B. A. General]**

Full Marks : 50

Time : 2 Hours

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

সংক্ষিপ্ত অথচ যথাযথ উত্তর দাও।

- ১। যে-কোনো চারটি প্রশ্নের পূর্ণবাক্যে উত্তর দাও :  $2 \times 8 = 8$
- ক) 'বইপড়া' প্রবন্ধে উল্লিখিত দু'জন বিদেশি সাহিত্যিকের নাম লেখো।
- খ) 'Laws are not causes' — কার লেখা, কোন্ প্রবন্ধে এর উল্লেখ রয়েছে?
- গ) 'আমরা সমাজেরই অর্ধ অঙ্গ।' — 'আমরা' কারা? প্রাবন্ধিকের নাম লেখো।
- ঘ) 'ফের মিথ্যে কথা!' কে, কাকে বলেছে?
- ঙ) বলাই তার কাকীকে কোথা থেকে চিঠি পাঠিয়েছিল? চিঠিতে সে কী লিখেছিল?
- চ) 'নৈবেদ্য' কাব্যটি কবি কাকে উৎসর্গ করেছিলেন? কাব্যটি কত সালে প্রকাশিত হয়েছিল?

ছ) 'ভদ্রবেশী বর্বরতা উঠিয়াছে জাগি'- "নৈবেদ্য" কাব্যের কত সংখ্যক কবিতা থেকে এই পংক্তি নেওয়া? কবিতাটির প্রথম চরণ উদ্ধৃত করো।

২। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও :  $6 \times 3 = 18$

ক) 'ওটি শুধু ভাষায় নয়, সকল শিল্পতেই এল।' — কার লেখা, কোন্ প্রবন্ধ থেকে নেওয়া? প্রাবন্ধিকের বক্তব্য বুঝিয়ে দাও।  $1+1+8=6$

অথবা

'স্বদেশী সমাজ' প্রবন্ধটি রবীন্দ্রনাথের কোন্ মূল গ্রন্থ থেকে গৃহীত হয়েছে? এই প্রবন্ধ অনুসরণে মেলার গুরুত্ব আলোচনা করো।  $1+5=6$

খ) 'গ্রামটি অতি সামান্য'। গ্রামটির নাম লেখো। গল্পে গ্রামটির কী ভূমিকা রয়েছে তা বুঝিয়ে দাও।  $1+5=6$

অথবা

'ছুটি' গল্পটির রচনাকাল লেখো। গল্পে মা-চরিত্রটির প্রাসঙ্গিকতা বুঝিয়ে দাও।  $1+5=6$

গ) 'তুমি সর্ব কর্ম চিন্তা আনন্দের নেতা-' — কোন্ মূল কবিতার অংশ? চরণটিতে কবিভাবনার যে পরিচয় পাও তা লেখো।  $1+5=6$

অথবা

'শতাব্দীর সূর্য আজি রক্তমেঘ-মারো'— মূল কবিতাটি কত সংখ্যক? কবিতাটি অবলম্বনে কবির সমাজ ভাবনার পরিচয় দাও।  $1+5=6$

৩। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :  $১২ \times ১ = ১২$

ক) 'অপবিজ্ঞান' শব্দে প্রাথমিক 'অপবিজ্ঞান' বলতে কী বুঝিয়েছেন? শব্দে 'নূতন জঞ্জাল' বলতে তিনি কোন্ কোন্ বিষয়ের কথা বলেছেন তা আলোচনা করো।

$২ + ১০ = ১২$

খ) 'বলাই' গল্পটি কত বঙ্গদেশে, কোন্ মাসে লেখা হয়? গল্পে গাছটিকে বলাইয়ের প্রতিক্রম কেন বলা হয়েছে — তা বুঝিয়ে দাও।  $১ + ১ + ১০ = ১২$

৪। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :  $১২ \times ১ = ১২$

ক) যথার্থ অনুবাদকের কী কী গুণ থাকা প্রয়োজন? বাংলায় অনুবাদ করো :

While India is known as a Land of Villages, it also has an ancient tradition of urban centres. The Indus Valley Civilization was primarily urban in character. Foreign travellers have mentioned several flourishing cities located in different parts of the country. Some of them were administrative capitals, some had religious importance, others were centres of trade and commerce. There were definite patterns of interaction between these cities and the villages in their hinterland.

$২ + ১০ = ১২$

খ) জেলায় পানীয় জলের সংকট বিষয়ে সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি প্রতিবেদন রচনা করো। প্রতিবেদনটির সংক্ষিপ্ত শিরোনাম দাও।

$১০ + ২ = ১২$